

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি লাইব্রেরিতে চালু হলো কবি নজরুল এডুপ্লেক্স



রাশেদ নিজামী

কবি কাজী নজরুল ইসলাম বাংলাদেশের জাতীয় কবি। কবির শেষ জীবন কেটেছিলো এদেশে মাটি ও জলের সাথে মিশে। এমনকি তাঁর সমাধিও হয়েছে এখানে। বাঙ্গালীর মননে কবি কাজী নজরুল ইসলামের মর্যাদা ও গুরুত্ব অপরিমিত। তার মানবিকতা, ঔপনিবেশিক শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে দ্রোহ, ধর্মীয় গোড়ামীর বিরুদ্ধতা এবং নারী পুরুষের সমতার বন্দনা বাঙ্গালীর মানসপট গঠনে ভূমিকা ব্যাপক।

কবি নজরুলের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার বহিঃপ্রকাশ এবং জাতীয় কবির স্মরণে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এডুপ্লেক্স এর নামকরণ করেছে কবি নজরুল এডুপ্লেক্স। লাইব্রেরি

ব্যবহারকারীদের প্রত্যাশাকে প্রাধান্য দিয়ে বিশ্ববিদ্যালয় লাইব্রেরিতে স্থাপিত কবি নজরুল এডুপ্লেক্স এ থাকবে অডিও, ভিডিও, চলচিত্র তথ্যচিত্র সহ কৌশলগত বিভিন্ন সুযোগ সুবিধা এবং পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের থিয়েটার হল হিসাবেও ভূমিকা পালন করবে এই এডুপ্লেক্স।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি লাইব্রেরিতে ৭ই ডিসেম্বর, ২০২২ তারিখে উদ্বোধন করা হলো কবি নজরুল এডুপ্লেক্স। উদ্বোধন উপলক্ষ্যে মানুষের নজরুল শিরোনামে আলোচনা সভার আয়োজন করা হয়, বেলুন সজ্জিত করা হয় এবং ফিতা কেটে উদ্বোধন করা হয়।

উক্ত এডুপ্লেক্স উদ্বোধন এর সময় উপস্থিত ছিলেন আলোচনা সভায় মূল বক্তা হিসাবে

কবি নজরুল ইন্সটিটিউটের নির্বাহী পরিচালক এবং নজরুল গবেষক জনাব মোঃ জাকির হোসেন, বিশেষ অতিথি হিসাবে জাতীয় কবির দৌহিত্রী এবং কবি নজরুল ইন্সটিটিউট ট্রাস্টী বোর্ডের সম্মানিত সদস্য এবং বিশিষ্ট সংগীত শিল্পী জনাব খিল খিল কাজী, স্বাগত বক্তব্য প্রদান করেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির লাইব্রেরিয়ান ডক্টর মোহাম্মদ মিলন খান এবং সর্বশেষে ধন্যবাদ সূচক ও সমাপনী বক্তব্য রাখেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি লাইব্রেরী কমিটির চেয়ারম্যান অধ্যাপক এ এম এম হামিদুর রহমান । এছাড়াও বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দ এবং ছাত্র-ছাত্রীবৃন্দ আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

এ সময় কবি দৌহিত্রী জনাব খিল খিল কাজী তার নিজের সম্পাদিত নির্বাচিত নজরুল রচনা বইটি লাইব্রেরিতে প্রদান করেন এবং লাইব্রেরি পরিদর্শন শেষে ভূয়সী প্রসংশা করেন।

